

১৫ বছর পর মেয়র আনিসুল হকের হস্তক্ষেপে হতে যাচ্ছে হাতিরঝিল-বারিধারা সংযোগ সড়ক

| প্রকাশের সময় : ২০ এপ্রিল, ২০১৭, ১২:০০ এএম

স্টাফ রিপোর্টার : দীর্ঘ ১৫ বছর পর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের উদ্যোগে হতে যাচ্ছে হাতিরঝিল-বারিধারা সংযোগ সড়ক। আগামী ২২ এপ্রিল শনিবার মেয়র এলাকার বাসিন্দাদের সাথে নিয়ে এ রাস্তাটির কাজ উদ্বোধন করবেন। গতকাল বুধবার বিকালে উত্তর সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মঞ্জুরে মওলা স্বাক্ষরিত গণমাধ্যমে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে ইনকিলাবকে এ তথ্য জানানো হয়। প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ১৫ বছর ধরে আটকে থাকা শাহজাদপুর লেকপাড়ের প্রস্তাবিত ৩০০ ফুট দৈর্ঘ্যের এ সংযোগ সড়ক নির্মাণের জন্য ৫০ ফুট প্রস্থের জমি অধিগ্রহণ প্রয়োজন হবে। এ অধিগ্রহণ সংক্রান্ত বিষয়ে গতকাল বুধবার ডিএনসিসি কার্যালয়ে আয়োজিত এক বৈঠকে সমঝোতার ভিত্তিতে এ রাস্তা তৈরির উদ্যোগ বাস্তবায়িত হবে বলে জানানো হয়েছে। মেয়রের সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে ডিএনসিসি, রাজউক, জেলা প্রশাসন (এল এ শাখা), গুলশান সোসাইটি এবং অধিগ্রহণকৃত এলাকার ২৮ জন জমি ও ভবনমালিক উপস্থিত ছিলেন। মেয়রের আশ্বাসে বিভিন্ন আইনী জটিলতায় এতকাল আটকে থাকা জমির অধিগ্রহণ বিষয়ে জমির মালিকগণ এ বৈঠকে মামলা উঠিয়ে জনস্বার্থে রাস্তা তৈরির কাজে সম্পূর্ণ সহযোগিতা প্রদানের আশ্বাস দিয়েছেন। ঐ এলাকার জমি ও ভবন মালিকগণ নিজের স্বার্থের চেয়ে দেশের স্বার্থকে প্রাধান্য দেয় মেয়র তাঁদের ধন্যবাদ জানান। তিনি বলেন, এ স্বার্থত্যাগের মাধ্যমে তাঁরা যে উদাহরণ সৃষ্টি করলেন সেটি এলাকাবাসী চিরদিন স্মরণ করবে। তিনি এলাকার বাসিন্দাদের সাথে নিয়ে আগামী শনিবার রাস্তার কাজ উদ্বোধনের ঘোষণা দেন। এ রাস্তা তৈরি হলে হাতিরঝিল থেকে গুলশানে প্রবেশ না করে সরাসরি বাড়্যা যাওয়া সম্ভব হবে।